

শিক্ষক দিবসে মোদির পাঠশালা

সংবাদ ডেস্ক

'মা জন্ম দেন, শিক্ষক দেন জীবন'। ভারতের শিক্ষক দিবসের আগে 'মোদির পাঠশালা'য় এমনই পাঠ্যপেল ছাত্ররা। দিল্লির মনেকশ অডিটোরিয়ামে গত শুক্রবার শিক্ষক দিবস উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে ৮০ ছাত্রছাত্রী ও ৬০ জন শিক্ষক উপস্থিত ছিলেন। সেখানেই শিক্ষার্থীদের সঙ্গে আলাপ-আলোচনা, কথোপকথনের আয়োজন ছিল। প্রশ্ন করবে শিক্ষার্থীরা, উত্তর দেবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি।

সেখানেই মোদি বললেন, দিনটা শিক্ষক দিবস হলেও, শিক্ষকের পরিচয় ছাত্রের গুণে। একজন পড়ুয়া শিক্ষকের কাছে উপযুক্ত শিক্ষা পেয়ে বড় হন। আর সেই ছাত্র বা ছাত্রীর ভালো কাজই মুখ উজ্জ্বল করে শিক্ষকের। তাতেই

একজন শিক্ষকের সার্থকতা। মোদি বলেন, মা জন্ম দেন। আর শিক্ষক জীবন। জীবনে সঠিক পথ দেখান একজন শিক্ষকই।

এদিন প্রধানমন্ত্রীকে সামনে পেয়ে কচিকাঁচারাদের প্রশ্নের ডালি উজাড় করে দেয়। একজন প্রধানমন্ত্রীকে জিজ্ঞাসা করে, 'আপনি এতো ভালো বক্তৃতা দেন কী করে?' মোদির সহাস্য উত্তর, 'ভালো বক্তৃতা দিতে গেলে, ভাল শ্রোতা হতে হয়। চোখ, কান দিয়ে যে কোনও বিষয় দেখে ও শুনে বুঝতে হয়। আর দরকার আত্মবিশ্বাস। অনেকে অনেকে কিছু বলতে পারে।

কিন্তু আত্মবিশ্বাস হারাতে চলবে না। এখন তো শিক্ষা শুরু জায়গা নিচ্ছে গুগল। সেখানেও দেখা যায় কে কীভাবে কথা বলছেন। বেশি কথা নয়, নির্দিষ্ট কথা, নির্দিষ্ট জায়গাতেই বলতে হবে।

প্রয়াত রষ্ট্রেপতি এপিজে আবদুল কালামের প্রসঙ্গ উত্থাপন করে মোদি বলেন, তিনি সারাজীবন - রষ্ট্রেপতির চেয়েও তার শিক্ষক ডাবমুর্তিতেই উজ্জ্বল থাকতে চেয়েছেন। যে কারণে, রষ্ট্রেপতি পদ হাড়ার একদিন পরেই চেন্নাইতে ফিরে গিয়ে পড়ুয়াদের সঙ্গে



সেমিনার করেছেন তিনি। সারাজীবন ছাত্র সমাজকে সমাজের উন্নয়নে বিজ্ঞানের গবেষণায় উত্থুদ্ধ করেছেন এমন কী মৃত্যুর আগের মুহূর্ত পর্যন্তও তিনি একজন শিক্ষকের ভূমিকায় পালন করেছেন, মৃত্যুর আগের মুহূর্তেও

তিনি ছাত্রদের পড়িয়েছেন, শিখিয়েছেন, আবদুল কালামের উদাহরণ দিয়ে তিনি বোঝাতে চেয়েছেন শিক্ষকদের কখনও অবসর হয় না, খাওয়া-কলমে অবসর নিলেও, প্রকৃত শিক্ষক আজীবন শিখিয়ে যান। মোদির পাঠশালায় ওঠে নেড়ুতের কথা। কীভাবে একজন ভালো নেতা হওয়া যায় প্রধানমন্ত্রী বলেন, নেতা হতে গেলে মানুষের পাশে থাকতে হবে। তাদের যত্ননা বুঝতে হবে। দেশকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য ভালো নেতার দরকার। এনডিটিভি, জি নিউজ।